


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।  
WWW.lged.gov.bd



২০২২-২৩ অর্থ বছরে যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি, নানিয়ারচর উপজেলা এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নূর জামাল হাওলাদার  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।  
সভার স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের অফিস, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।  
সভার তারিখ : ২৭.০৪.২০২৩ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত কমিটির সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানান এবং কমিটির সদস্য সচিব, উপজেলা প্রকৌশলীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	দপ্তর/বিভাগ	আলোচ্য বিষয় সমূহ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উপজেলা প্রকৌশল বিভাগ	ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ “বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)” আওতায় ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি অর্থাৎ মোট ৪ (চার) কিস্তির অর্থ একত্র করে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্প সমূহ টেন্ডার, কোটেশন ও পিআইসি’র মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প সমূহের কাজের অগ্রগতি সন্তোষজনক। ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া যায় ২২.০৭ (বাইশ লক্ষ সাত হাজার টাকা মাত্র)। ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ ৩য় কিস্তির সমপরিমাণ বরাদ্দ ধরিয়া প্রকল্প গ্রহণ করা হয়। কিন্তু ৪র্থ কিস্তির সম্ভাব্য গ্রহণকৃত বরাদ্দ হইতে ৩,৪১,০০০/- (তিন লক্ষ একচল্লিশ হাজার টাকা মাত্র) বরাদ্দ বেশি পাওয়া যায়। উল্লিখিত টাকার নিম্নে বর্ণিত প্রকল্প গ্রহণ করার জন্য সভায় উপস্থাপন করেন।	বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২) উপজেলা নির্বাহী অফিসার এবং ৩) উপজেলা প্রকৌশলী
	ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রত্যাশিত খাত	বাস্তবায়ন পদ্ধতি
	১।	(১) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের উত্তর পার্শ্বে চেসী নদীর পাড় সংরক্ষণের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ।	বস্তগত অবকাঠামো	কোটেশন
		খ) ইহা ছাড়াও অফিসের অন্যান্য বিভাগীয় কাজ যথারীতি চলেছে বলে তিনি সভাকে অবহিত করেন।		

  
ভাইস চেয়ারম্যান

ও  
সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি  
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

তারিখ : ২৭/০৪/২০২৩খ্রি.।

স্মারক নং : ৪৬.০২.৮৪৭৫.০০০.৯৯.০৪২.২৩-  
অনুলিপি : সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৪। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৫। চেয়ারম্যান, ১নং সাবফ্লয়, ২নং নানিয়ারচর, ৩নং বড়িঘাট/ ৪নং খিলাছড়ি ইউনিয়ন পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

  
উপজেলা প্রকৌশলী

ও  
সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামোর উপজেলা স্থায়ী কমিটি  
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।